

২০২১  
বাংলা

প্রথম সেমিস্টার Re-examination (DODL)

তৃতীয় পত্র

(বাংলা ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। বাংলা ভাষার জন্ম ও ইতিহাস সম্পর্কে সংক্ষিপ্ত নিবন্ধ রচনা  
করো। ১৫

অথবা

প্রাচীন বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি  
আলোচনা করো। ১+২+১২=১৫

২। ঐতিহাসিক, বর্ণনামূলক ও তুলনামূলক ভাষাবিজ্ঞান সম্পর্কে  
আলোচনা করো। ১৫

অথবা

বাংলা ভাষায় অনার্য প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১৫

৩। বাংলা বিজ্ঞাপনের ভাষা সম্পর্কে আলোচনা করো। ১৫

অথবা

স্যার আব্রাহাম নোয়াম চমস্কির রূপান্তরমূলক সৃজনমূলক  
ব্যাকরণ বলতে কী বোঝ? এই ব্যাকরণের বৈশিষ্ট্যাবলী নিরূপণ  
করো। ৩+১২=১৫

[পরের পাতায়]

৪। বাংলা ভাষাতত্ত্ব চর্চায় সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের অবদান  
লিপিবদ্ধ করো। ১৫

অথবা

কোনো ভাষাকে IPA তে রূপান্তরিত করার সাধারণ শর্তগুলি  
বিশ্লেষণ করো। আরণ্যক, পদ্মলোচন, রাজকন্যা, ভারতচন্দ্র-  
উল্লিখিত শব্দগুলিকে IPA তে লিপ্যন্তর করে দেখাও।

৭+৮=১৫

৫। সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো চারটি) : ৫×৪=২০

ক) বাগযন্ত্র

অথবা

আদি-মধ্য বাংলা ভাষা

খ) বাংলা ভাষায় বিদেশিপ্রভাব

অথবা

বাংলা শব্দার্থতত্ত্ব (Semantics)

গ) বাংলা অনুসর্গ

অথবা

সংবাদপত্রের ভাষা

ঘ) রবীন্দ্রনাথের ভাষাচর্চা

অথবা

সুকুমার সেনের ভাষাচর্চা